## উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জুন/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব এস, এম, শফিকুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, কয়রা, খুলনা। |
| তারিখ | ঃ | ২২/০৬/২০২৩ খ্রি.। |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-"ক"। |

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ৩০/০৫/২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা হয় ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ কয়রা, খুলনা। | (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান খুলনা জেলার কয়রা উপজেলা দুর্গম ও উপকূলীয় অঞ্চল হওয়ায় প্রাকৃতিক দুর্যোগে এ উপজেলাটি সবচেয়ে আগে ক্ষতিগ্রস্থ হয়। প্রাকৃতিক দুর্যোগের মধ্যে সবচেয়ে ভয়াবহ সমস্যাটি হলো নদীর ভাঙ্গন। কয়রা উপজেলায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের দুটি পোল্ডার দিয়ে বেষ্টনী দেওয়া আছে। এই পোলার দুটি ষাটের দশকের নির্মিত হওয়ায় এবং স্লুইচ গেটের অবস্থা খুবই নাজুক। প্রায়ই কোন প্রকার দুর্যোগ ছাড়া উচ্চ জোয়ারে বাঁধ ভেঙে উপজেলার ভেতরে বিভিন্ন গ্রাম প্লাবিত হয়। এর কারণে শত শত কোটি টাকার সরকারি এবং বেসরকারি সম্পদ সহ স্থানীয় জনগণের জান মালের ক্ষতির সম্মুখীন হতে হয়। বর্ষা মৌসুমে স্লুইচ গেটগুলো অকেজো থাকার কারণে বৃষ্টির পানি জমে ফসল উৎপাদনে ব্যাহত হয় এবং হাজার হাজার বিঘার জমির ফসল নষ্ট হয়। কয়রা উপজেলাটি খুলনা জেলার অধীন কিন্তু পোল্ডারের অধিকাংশ এলাকা সাতক্ষীরা পানি উন্নয়ন বোর্ড থেকে নিয়ন্ত্রণ করা হচ্ছে। সাতক্ষীরা এবং খুলনা দুটি আলাদা জেলা হয় উপজেলার বিভিন্ন সময় সরকারি এবং বেসরকারি যে কোন প্রোগ্রামে পানি উন্নয়ন বোর্ডের কার্যক্রম সঠিক সময়ে সঠিক ব্যবস্থা গ্রহণের জন্য যেকোনো মিটিং বা উপজেলা সমন্বয় কমিটির মিটিং এ তাদের উপস্থিতি পরিলক্ষিত হয় না, যার ফলে উপজেলা প্রশাসন এবং জেলা প্রশাসনের প্রশাসনিক কার্যক্রম সঠিকভাবে করা সম্ভব হচ্ছে না। ২০২০ সালের মে মাসে ঘূর্ণিঝড় আম্পান পরবর্তীতে জাইকা এর অর্থায়নে কয়রা উপজেলায় সাতক্ষীরা পানি উন্নয়ন বোর্ডের নিয়ন্ত্রণে কিছু কাজ বাস্তবায়নের জন্য কাজ শুরু করা হয় এই কাজগুলোর গুণগত মান এবং সঠিক সময়ে কাজ বাস্তবায়ন না করার কারণে ২০২১ মে মাসে পুনরায় ওই সকল স্থানে বাঁধ ভেঙে সম্পূর্ণ কয়রা উপজেলাটি প্লাবিত হয়। যার ফলে জেলা শহরের সাথে উপজেলার সরাসরি যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয় স্থানীয় জনগণ ব্যাপক ক্ষয়ক্ষতির সম্মুখীন হতে হয়। ২০২২ সালে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক একটি আদেশের মাধ্যমে কয়রা উপজেলাটি খুলনা জেলায় হস্তান্তরের আদেশ প্রদান করা হলে ও এখনো পর্যন্ত এই আদেশ পুরোপরি বাস্তবায়ন করা হয়নি। কয়রা উপজেলার মদিনাবাদ, কাটকাটা, আংটিহারা, গোবরা সহ বিভিন্ন স্থানে বাঁধের অবস্থা খুবই নাজুক এবং যেকোনো সময়ে বাঁধ ভেঙে উপজেলাটি পুনরায় প্লাবিত হওয়ার আশঙ্কা রয়েছে। বারবার সাতক্ষীরা পানি উন্নয়ন বোর্ডের সাথে যোগাযোগ করার পরেও বিভিন্ন অজুহাতে ওই সকল স্থানে এখনো পর্যন্ত কোনো পদক্ষেপ গ্রহণ করেননি। তারা স্থানীয় প্রশাসনের সাথে কোন প্রকার যোগাযোগ ছাড়া কাজ করে যাচ্ছেন। তাদেরকে বিভিন্ন সময়ে চিঠির মাধ্যমে উপজেলা সমন্বয় কমিটির মিটিং এ আহবান করা হলেও তারা প্রায়ই অনুপস্থিত থাকেন। বর্তমানে ১৪/১ পোল্ডার এর স্থায়ী বেড়ীবাঁধ নির্মাণের একটি প্রজেক্ট চালু আছে যাহা সাতক্ষীরা পানি উন্নয়ন বোর্ড থেকে নিয়ন্ত্রণ করছে। এই কার্যক্রম সম্পর্কে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধি কোন তথ্য জানে না। কাঠকাটা থেকে গণেশ মেম্বারের বাড়ী পর্যন্ত, গোবরায় সেনাবাহিনীর কাজের শেষ থেকে খেয়াঘাট পর্যন্ত | (ক) সভার বিস্তারিত আলোচনান্তে কয়রা উপজেলার পানি উন্নয়ন বোর্ডের সকল কাজের সঠিক বাস্তবায়ন এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সাতক্ষীরা পওর বিভাগ থেকে খুলনা পানি উন্নয়ন বোর্ডের নিকট হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |

<table>
<tr><td></td><td></td><td>মদিনাবাদ লঞ্চঘাট থেকে হামকুড়োর গোড়া পর্যন্ত ওয়পদার বেড়ীবাঁধ অনেক নাজুক অবস্থা। এছাড়া উপজেলা সদরের ওড়াতলা স্লুইচ গেটটি দীর্ঘদিন অকেজো অবস্থায় পড়ে আছে। গেটটি দ্রুত পুনঃনির্মাণ না করলে একটু ভারী বৃষ্টি হলে উপজেলা সদর পানির নিচে তলিয়ে যায়। সেকারনে গেটটি দ্রুত পুনঃনির্মাণের করা দরকার মর্মে সভায় অবহিত করেন। সাতক্ষীরা পানি উন্নয়ন বোর্ডের সাথে বারবার যোগাযোগ করেও কোন ফল পাওয়া যায়নি। তারা কোন প্রকার প্রকল্প বাস্তবায়ন না করে জাইকা কর্তৃক একটি অস্থায়ী কাজের প্রস্তাব দিয়েছে। ওই প্রকল্পের কোন কার্যক্রমই এখনো পর্যন্ত পরিলক্ষিত হয়নি ইতিপূর্বে ২০২১ সালের মে মাস থেকে শুরু হওয়া জাইকা প্রকল্পের কাজ এখনো পর্যন্ত সম্পন্ন হয়নি এবং তাদের কাজের গুণগত মান নিয়ে স্থানীয় জনগণের মধ্যে প্রশ্নের তৈরি হয়েছে। কয়রা উপজেলাটি একটি নদী ভাঙ্গন এলাকা তাই কোন প্রকার অজুহাত ছাড়া অনতিবিলম্বে যে সকল স্থানে বেড়ীবাঁধ দুর্বল এবং আশঙ্কাজনক অবস্থায় আছে সে সকল স্থানে জরুরী ভিত্তিতে কাজ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট দপ্তরের কাছে অনুরোধ জানান। প্রশাসনিক দূরবীক্ষণ হিসেবে বাংলাদেশ পানিসম্পদ মন্ত্রণালয়ের সংযুক্ত আদেশ মোতাবেক কয়রা উপজেলাটির সকল প্রকার কার্যক্রম ১৪/১ এর প্রজেক্ট সহ জাইকার প্রকল্প সাতক্ষীরা পানি উন্নয়ন বোর্ড থেকে খুলনা পানি উন্নয়ন বোর্ডের নিকট হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার প্রস্তাব করেন।<br><br>(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষে কয়রা উপজেলা সকল ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলো ন্যায্য মূল্য স্থিতিশীল রাখে সেজন্য মনিটরিং কার্যক্রম জোরদার করার নিমিত্তে সংশ্লিষ্ট অফিস প্রধানকে অনুরোধ জানান।</td><td></td><td></td></tr>
<tr><td>০২.</td><td>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কয়রা, খুলনা।</td><td>উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td></td></tr>
<tr><td>০৩.</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর, কয়রা, খুলনা।</td><td>কার্যক্রম চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৪.</td><td>উপজেলা কৃষি অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা কৃষি অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় সরকারি বরাদ্দ অনুযায়ী কৃষি প্রনোদনা কার্যক্রম চলমান। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৫</td><td>উপজেলা প্রাণিসম্পদ অফিস কয়রা, খুলনা।</td><td>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কয়রা, খুলনা সভায় জানান কয়রা উপজেলায় একটি স্থায়ী পশুর হাট নির্মাণ করার প্রস্তাব করেন। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৬.</td><td>সিনিয়র উপজেলা মৎস্য অফিস, কয়রা, খুলনা।</td><td>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কয়রা, খুলনা সভায় মে/২০২৩ মাসের প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>কার্যক্রমের বিবরণ</th><th>বাস্তবায়ন অগ্রগতি</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১.</td><td>বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় ৬৫ দিন মৎস্য আহরণ নিষিদ্ধ কার্যক্রম-২০২৩</td><td>বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় ২০ মে হতে ২৩ জুলাই পর্যন্ত মোট ৬৫ দিন সকল প্রকার মৎস্য নৌযান দ্বারা যে কোন প্রকার মৎস্য আহরণ নিষিদ্ধ কার্যক্রম-২০২৩ বাস্তবায়ন করা হচ্ছে। ৬৫ দিন মৎস্য আহরণ হতে বিরত থাকা জেলেদের মাঝে বিশেষ ভিজিএফ (চাল) বিতরণ করা হচ্ছে।</td><td></td></tr>
<tr><td>০২.</td><td>চিংড়িতে অপদ্রব্য/দূষণ/</td><td>চিংড়িতে অপদ্রব্য/দূষণ/পুশ বিরোধী নিয়মিত মোবাইল কোর্ট/অভিযান</td><td></td></tr>
</table></td><td>--</td><td>--</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | পুশ বিরোধী অভিযান | পরিচালনা করা হচ্ছে।<br>২০/০৬/২০২৩ খ্রি. পর্যন্ত অর্জন সমূহঃ<br>(ক) মোবাইল কোর্ট- ০১টি<br>(খ) অভিযান- ৫৪ টি<br>(গ) আটক- ৫০ জন<br>(ঘ) জেল - ০১ জন<br>(ঙ) জরিমানা- ৫,৯৫,৫০০/- টাকা<br>(চ) নিলামের মাধ্যমে আদায়- ৩৬,২০০/- টাকা<br>(ছ) অপদ্রব্য মিশ্রিত/দূষিত/ পুশকৃত চিংড়ি ধ্বংস- ২৭৯২ কেজি | |
| ০৩. | "সাসটেইনেবল কোষ্টাল এন্ড মেরিন ফিসারিজ প্রজেক্ট" এর আওতায় চিংড়ী চাষী ক্লাষ্টার এর উন্নয়ন কার্যক্রম | প্রশিক্ষণঃ<br>০৪ ব্যাচে ১০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>চিংড়ি ক্লাষ্টার এর কার্যক্রমঃ<br>খড়িয়া চিংড়ি চাষী ক্লাষ্টার, খড়িয়া, মহারাজপুর এর অবকাঠামো উন্নয়নের কার্যক্রম চলমান। | |
| ০৪. | মৎস্য চাষীর পুকুর/ঘের পরিদর্শন ও পরামর্শ প্রদান | অব্যাহত আছে। | |
| ০৫. | অন্যান্য দাপ্তরিক কার্যক্রম | স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা প্রকৌশল দপ্তর কয়রা, খুলনা। | (ক) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা, সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) অওতায় গত ১৯/০১/২০২৩ তারিখে সাধারণ সভায় অনুমোদিত গাতীরঘেরি বিলে গোপাল মন্ডল পিং-কালিনাথ মন্ডল এর জমিতে ধান চাষের জন্য স্যালো স্থাপন প্রকল্পটি বাস্তবায়ন করা সম্ভব নয়। তার পরিবর্তে কাটমারচর কামরুল সানার বাড়ী হইতে জামাল হোসেনের ঘের অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন বাস্তবায়ন করা যাইতে পারে এবং সাশ্রয়কৃত অর্থ দ্বারা মহারাজপুর কেয়ার রাস্তায় সোলিং রাস্তার মাথা হইতে বাবু গাজীর রাড়ী অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন ।<br>যা প্রকল্প বাস্তবায়ন কমিটি নিম্নরুপঃ<br><br>১) মহারাজপুর কেয়ার রাস্তায় সোলিং রাস্তার মাথা হইতে বাবু গাজীর রাড়ী অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন।<br>প্রাক্কলন মূল্যঃ ৫০,০০০/- | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা। |

| ক্রঃ নং | নাম | সামাজিক পরিচিতি | কমিটির পরিচিতি |
|---|---|---|---|
| ০১ | মোঃ আবু সাইদ | ইউপি সদস্য | সভাপতি |
| ০২ | মোঃ ইব্রাহিম গাজী | সমাজ সেবক | সচিব |
| ০৩ | মোঃ হাবিবুর রহমান | শিক্ষক | সদস্য |
| ০৪ | মোছা ঃ সেলিনা আক্তার | সমাজ সেবিকা | ,, |
| ০৫ | মোঃ কালাম গাজী | গন্যমান্য | ,, |
| ০৬ | মোঃ হাবিবুর রহমান | ভিডিপি | ,, |
| ০৭ | মোঃ রবিউল ইসলাম | সমাজ সেবক | ,, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২) কাটমারচর কামরুল সানার বাড়ী হইতে জামাল হোসেনের ঘের অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন।<br>প্রাক্কলন মূল্যঃ ১,৫০,০০০/- | | |
| ০৮ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কয়রা, খুলনা। | কার্যক্রম চলমান। | -- | -- |
| ০৯. | উপজেলা শিক্ষা অফিস, কয়রা, খুলনা। | উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনার সভায় জানান যে, বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ২০২৩ ও বঙ্গমাতা শেখ মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর ইউনিয়ন ও উপজেলা পর্যায়ের খেলা ১২ জুন ২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য পত্র পাওয়া গিয়েছে। কমিটির সভাপতি মহোদয়ের সাথে আলোচনা পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br><br>২০২২-২৩ অর্থবছরে স্লিপ ফান্ডের ১ম কিস্তিতে ৩৮২৭৫০০/- টাকা এবং ২য় কিস্তিতে ৩৮২৭৫০০/- টাকা সর্বমোট ৭৬৫৫০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। ১ম ও ২য় কিস্তির অর্থ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে।<br><br>বিদ্যালয় প্রতি ৪০,০০০/- টাকা হারে ৮৩টি বিদ্যালয়ে রুটিন মেরামত বাবদ মোট ৩৩২০০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে।<br><br>১ম পর্যায়ে বিদ্যালয় প্রতি ২০০০০০/- টাকা হারে ৫টি বিদ্যালয়ে ক্ষুদ্র মেরামত বাবদ মোট ১০০০০০০/- টাকা এবং ২য় পর্যায়ে বিদ্যালয় প্রতি ২০০০০০/- টাকা হারে ৮টি বিদ্যালয়ে ক্ষুদ্র মেরামত বাবদ মোট ১৬০০০০০/- টাকা সহ সর্বমোট ২৬০০০০০/- (ছাব্বির লক্ষ)টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। ১ম পর্যায়ের প্রাপ্ত বরাদ্দ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে। অবশিষ্ট ৮টি বিদ্যালয়ের অনুকূলে বিল প্রদান কার্যক্রম চলমান।<br><br>পিইডিপি৪ এর আওতায় ইমারজেন্সি ইন এডুকেশন বাবদ ৮টি বিদ্যালয়ের অনুকূলে ১৬০০০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে।<br><br>পিইডিপি৪ এর আওতায় ১১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াসব্লকের রুটিন মেইনটেনেন্স বাবদ ২২০০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে। | -- | -- |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কয়রা। | কার্যক্রম চলমান। | -- | -- |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কয়রা, খুলনা। | কার্যক্রম চলমান। | -- | -- |
| ১২. | উপজেলা সমাজসেবা অফিস কয়রা, খুলনা। | উপজেলা সমাজসেবা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় ২০২২-২৩ অর্থবছরে মেরামত ও সংরক্ষণ (৩২৫৮১০৮) উপখাতে ৪,৯৩,১৩৩/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত অর্থ উপজেলা সমাজসেবা কার্যালয়, কয়রা, খুলনার পুরাতন টিন সেডের | -- | -- |

Committee for item ২):

| ক্রঃ নং | নাম | সামাজিক পরিচিতি | কমিটির পরিচিতি |
|---|---|---|---|
| ০১ | মোস্তাফিজুর রহমান | ইউপি সদস্য | সভাপতি |
| ০২ | ইরিনা আক্তার খুকু | ইউপি সদস্য | সচিব |
| ০৩ | মোঃ নজরুল ইসলাম। | শিক্ষক | সদস্য |
| ০৪ | আবুল কালাম আজাদ | সমাজ সেবক | ,, |
| ০৫ | আল আমিন | গন্যমান্য | ,, |
| ০৬ | মোঃ হাসান | গন্যমান্য | ,, |
| ০৭ | ইউনুস শেখ | সমাজ সেবক | ,, |

<table>
<tr><td></td><td></td><td>টিন সেডের অফিস সংস্কার না করে পুরাতন টিন সেডের একটি অংশ ভেঙ্গে উপজেলা সমাজসেবা কার্যালয়ের মূল ভবনের সাথে ২৭ ফুট দৈর্ঘ্য ও ১৫ ফুট প্রস্থের একটি রুম তৈরি করার প্রস্তাব করেন। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td></td><td></td></tr>
<tr><td>১৩.</td><td>উপজেলা সমবায় অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা সমবায় অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় ২১/০৬/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৭৯ টি।.২০২০-২১ অর্থ বছরে ১,১৪,৩৩০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালনের মাধ্যমে জমা প্রদান করা এবং ২০২১-২০২২ অর্থ বছরে অডিট ফি ধার্য ১,০২,৭৫০/- টাকা এর মধ্যে ৩৫,৬৬০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালানের মাধ্যমে জমা করা হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ, সেমিনার ও জাতীয় সমবায় দিবস পালন উপলক্ষে সমিতির নীট লাভের ৩% হারে সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৪০,৭৫৮/- টাকা আদায় করে জমা প্রদান করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে সমবায় উন্নয়ন তহবিল ধার্য ২৮,৫৫৯/- টাকা এর মধ্যে ৭,৯৬৩/- টাকা সমবায় উন্নয়ন তহবিল আদায় করে অনলাইনের মাধ্যমে জমা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে সমিতির ৪৮০ জন সদস্যকে সমবায় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br><br>অত্র উপজেলায় ০২ টি আশ্রয়ণ প্রকল্প আছে (১) আমাদী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২) ও (২) বাগালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২)। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে আমাদী আশ্রয়ণ প্রকল্পে ১৬,১০,০০০/- টাকা ও বাগালী আশ্রয়ণ প্রকল্পে ৮,০০,০০০/- টাকা ঋণ বরাদ্দ পাওয়া গিয়েছে। আমাদী আশ্রয়ণ প্রকল্পের পুনর্বাসিতদের মধ্যে বিভিন্ন ট্রেডে ঘূর্ণায়মান তহবিল হিসেবে ১৯,০১,০০০/- টাকা ঋণ দাদন করা হয়েছে। ঋণের আসল আদায় ১৩,৭০,২০৯/- টাকা এবং সুদ আদায় ১,১৩,২০২/- টাকা। আদায়ের হার ৭২%। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৪.</td><td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, কয়রা, খুলনা।</td><td>কার্যক্রম চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৫.</td><td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কয়রা, খুলনা।</td><td>কার্যক্রম চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৬.</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা জুন/২০২৩ মাসের সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন।
<table>
<tr><th>বিষয়</th><th>চলতি মাস</th><th>চলতি বছর</th><th>ক্রমপুঞ্জিত</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>প্রশিক্ষণ</td><td>৬</td><td>২৭০</td><td>৮৭৯৮ জন</td><td>--</td></tr>
<tr><td>ঋণ বিতরণ (আত্মকর্ম)</td><td>০</td><td>৯,৯০,০০০/-</td><td>১,৯৬,১১,৫০০/-</td><td>--</td></tr>
<tr><td>পরিবার ভিত্তিক ক্ষুদ্রঋণ বিতরণ</td><td>০</td><td>১২,৮০,০০০/-</td><td>৪২,৪০,০০০/-</td><td>--</td></tr>
<tr><td>যুব উদ্যোক্তা ঋণ বিতরণ</td><td>০</td><td>২,০০,০০০/-</td><td>২,০০,০০০/-</td><td>--</td></tr>
<tr><td>ঋণ আদায় হার</td><td>৯৮%</td><td>৯৫%</td><td>৯৭%</td><td>--</td></tr>
<tr><td>আত্মকর্মীর তথ্য</td><td>৩</td><td>৩৭</td><td>৩৪৫৫জন</td><td>--</td></tr>
<tr><td>যুব সংগঠন নিবন্ধন</td><td>০</td><td>০১</td><td>১৩ টি</td><td>--</td></tr>
<tr><td>জোরদারকরণ প্রকল্প</td><td>০</td><td>০</td><td>৩,২৫,০০০/-</td><td>--</td></tr>
</table></td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৭.</td><td>বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান বছরে ঋণ বিতরণ, ঋণ আদায় এবং অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮. | উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা। | উপজেলা বন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৯. | পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা সভায় জানায় পল্লী সঞ্চয় ব্যাংকের ১৯৩ টি সমিতি, সদস্য ৮৫৮২ জন। আদায়ের হার ৭৫৬%। তিনি আরও জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | -- | -- |
| ২০. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কয়রা, খুলনা। | কার্যক্রম চলমান। | -- | -- |

২১. আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)

উপজেলা পরিষদের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার মে/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ৪০,০০০/- |
| ০২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার মে/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার মে/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪. | জনাব এস, এম শফিকুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জানুয়ারি/২০২৩ হতে মে/২০২৩ পর্যন্ত ০৫(পাঁচ) মাসের ভ্রমণ ভাতা বিল। (৭,২৮৭+৬,৬৬২+৮,৫৩৭+৬,৬৬২+৭,৯১২) | ৩৭,০৬০/- |
| ০৫. | জনাব কমলেশ কুমার সানা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জানুয়ারি/২০২৩ হতে মে/২০২৩ পর্যন্ত ০৫(পাঁচ) মাসের ভ্রমণ ভাতা বিল। (৬,৪৯৫+৫৩৩৩/৭৫+৫,৩৬৭/৭৫+৪,৬১০+৫,৯৫০) | ২৭,৭৫৬/৫০ |
| ০৬. | জনাব নাসিমা আলম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জানুয়ারি/২০২৩ হতে মে/২০২৩ পর্যন্ত ০৫(পাঁচ) মাসের ভ্রমণ ভাতা বিল। (৬,৪৩৭/৫০+৭,০০৮/৭৫+৬,৪৭২/৫০+৪,৮২৮/৭৫ +৬,৯৯৫) | ৩১,৭৪২/৫০ |
| ০৭. | উপজেলা পরিষদের মে/২০২৩ মাসের আপ্যায়ন ব্যয় বিল। | ২৯,৯৯৬/- |
| ০৮. | উপজেলা পরিষদের মে/২০২৩ মাসের আনুষংগিক ব্যয় বিল। | ৪,৯৯৬/- |
| ০৯. | উপজেলা পরিষদ মালীর মে/২০২৩ মাসের মজুরী বিল। | ৯,৫০০/- |
| ১০. | উপজেলা পরিষদ সুইপারের মে/২০২৩ মাসের মজুরী বিল। | ১০,৪৫০/- |
| ১১. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপ গাড়ীর মে/২০২৩ মাসের জ্বালানী তেলের ব্যয় বিল ভ্যাট ও আয়করসহ মোট বিল। | ২২,৪৬৪/- |
| ১২. | উপজেলা পরিষদ কমপ্লেক্স, কয়রা, খুলনার মেইন মিটার নং ৯৩১১৭৩৪৬ হিসাব নম্বর ০৭-৫২৪-৫৪৬০ এর ২০২২-২০২৩ অর্থ বছরের ফেব্রুয়ারি/২০২৩ হতে জুন/২০২৩ পর্যন্ত ০৫(পাঁচ) মাসের বিদুৎ বিল। | ২,০৯,৯৫৩/- |
| ১৩. | উপজেলা পরিষদ,কয়রা, খুলনার টেলিফোন নং ০২৪৭৭৭৩১৩১৩ ও ০২৪৭৭৭৩১৩৭৮ বাসা জুন/২০২২ হতে জুন/২০২৩ পর্যন্ত ১৩ মাসের টেলিফোন বিল। | ৪,৫০০/- |
| ১৪. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার কার্যালয়ের এপ্রিল/২০২৩ হতে জুন/২০২৩ পর্যন্ত ০৩ (তিন) মাসের ইন্টারনেট ব্যয় বিল। | ৩,৬০০/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিল সমূহের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এস, এম, শফিকুল ইসলাম
উপজেলা চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩১১ (অফিস)

উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।

স্মারক নংঃ ৪৬.৪৪.৪৭৫৩.০০১.০৬.০০১.২৩-৬৩ (৪৫)

তারিখঃ ২২-০৬-২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য-১০৪, খুলনা-০৬।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।

অনুলিপি সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৮। উপজেলা.................................................অফিসার, কয়রা, খুলনা।
০৯। চেয়ারম্যান...................................ইউপি (সকল), কয়রা, খুলনা।
১০। সংরক্ষিত মহিলা সদস্য................................,কয়রা, খুলনা।

মোঃ মমিনুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩০৬ (অফিস)
E-mail-unokoyra@mopa.gov.bd